# জাতীয় ক্রীড়া ফেডারেশন/এ্যাসোসিয়েশন-এর স্বীকৃতি প্রদানের নীতিমালা

নির্দিষ্ট খেলায় জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক ফেডারেশন বা এসোসিয়েশন হিসাবে স্বীকৃতি (Affiliation) পেতে হলে একটি সুনির্দিষ্ট নীতিমালা থাকা সমীচিন। সে লক্ষ্যে জাতীয় ক্রীড়া পরিষদ একটি সুনির্দিষ্ট নীতিমালা প্রণয়নের উদ্যোগ গ্রহণ করে। ইতোমধ্যে বেশ কয়েকটি নির্দিষ্ট খেলায় বিভিন্ন ধরণের শর্তাবলী আরোপ করে ফেডারেশন/এ্যাসোসিয়েশন হিসাবে কর্মকান্ড পরিচালনার জন্য জাতীয় ক্রীড়া পরিষদ থেকে স্বীকৃতি (Affiliation) প্রদান করা হয়েছে এবং স্বীকৃতিপ্রাপ্ত জাতীয় ক্রীড়া ফেডারেশন/এ্যাসেসিয়েশন হিসাবে কর্মকান্ড পরিচালনা করে আসছে। বর্তমান প্রেক্ষাপটে বিভিন্ন নির্দিষ্ট খেলায় স্বীকৃতি প্রদান এবং স্বীকৃতি প্রাপ্ত ফেডারেশন/এ্যাসোসিয়েশনকে একটি নির্দিষ্ট নীতিমালার আওতায় পরিচালনার স্বার্থে জাতীয় ক্রীড়া পরিষদের নিকট এ সংক্রান্ত নীতিমালা প্রণয়ন আবশ্যক প্রতীয়মান হওয়ায় নির্দিষ্ট খেলায় জাতীয় ক্রীড়া ফেডারেশন/এ্যাসোসিয়েশন হিসাবে স্বীকৃতি দেয়ার জন্য নিম্নবর্ণিত নীতিমালা প্রণয়ন করা হলো।

১। **ফেডারেশন/এ্যাসোসিয়েশন-এর মূল্যায়ন ঃ**

(ক) গুরুত্ব, জনপ্রিয়তা, স্থানীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক পর্যায়ে সফলতা, বিভিন্ন প্রতিযোগিতায় পদকপ্রাপ্তি, অবকাঠামোগত সুবিধাসহ সাংগঠনিক দক্ষতা অনুযায়ী জাতীয় ক্রীড়া ফেডারেশন/ এ্যাসোসিয়েশনকে "এ-বিশেষ", "এ", "বি" এবং "সি" ও এ্যাসোসিয়েশন ক্যাটাগরীতে বিভক্ত করা হবে। এক্ষেত্রে ক্যাটাগরী অনুযায়ী ফেডারেশন/ এ্যাসোসিয়েশনকে সরকারের আর্থিক বিধি ও নীতিমালা অনুসরণ করে কর্তৃপক্ষের বাজেট বরাদ্দ সাপেক্ষে সরকারী অনুদান ও বিধিসম্মত অন্যান্য সুযোগ-সুবিধা প্রদান করা হবে।

(খ) প্রতি ৪ বছর মেয়াদান্তে মূল্যায়ন সাপেক্ষে ফেডারেশন/এ্যাসোসিয়েশনকে মান উন্নয়ন/মান অবনমন করণের ব্যবস্থা গ্রহণ করা হবে, যা ক্রীড়া উন্নয়নে প্রতিযোগিতামূলক মনোভাব সৃষ্টি করবে।

২। **ফেডারেশন/এ্যাসোসিয়েশন-এর স্বীকৃতির শর্তাবলী ঃ-**

(ক) কোন নির্দিষ্ট খেলায় জাতীয় ক্রীড়া পরিষদ থেকে ফেডারেশন/এ্যাসোসিয়েশন হিসাবে স্বীকৃতি পেতে হলে প্রথমে জাতীয় ক্রীড়া পরিষদ থেকে এ্যাসোসিয়েশন হিসাবে অনুমোদন/স্বীকৃতি পেতে হবে।

(খ) কোন নির্দিষ্ট খেলায় ফেডারেশন/এসোসিয়েশন হিসাবে স্বীকৃতির জন্য আবেদনকারী সংস্থা/প্রতিষ্ঠানকে কমপক্ষে ১৫টি জেলা ও নির্দিষ্ট সংখ্যক ক্লাবের অংশগ্রহণে (প্রযোজ্য ক্ষেত্রে) ৩ বছর খেলা আয়োজন ও খেলার কার্যক্রম পরিচালনার অভিজ্ঞতা থাকতে হবে। উক্ত সংস্থা পরিচালনার জন্য নিজস্ব গঠনতন্ত্র, সাধারণ পরিষদ, নিজস্ব অফিস-ঠিকানা, প্রয়োজনীয় লোকবল, নির্দিষ্ট খেলার স্থান/স্থাপনা খেলার ধারণা চিত্র, আর্থিক সক্ষমতা, লজিষ্টিক সাপোর্ট ইত্যাদি থাকতে হবে।

(গ) জাতীয় ক্রীড়া পরিষদ উক্ত নির্দিষ্ট খেলাকে নীতিমালা অনুযায়ী জাতীয় ক্রীড়া এ্যাসোসিয়েশন-এর স্বীকৃতি দেয়ার ব্যবস্থা গ্রহণ করবে। এ্যাসোসিয়েশন-এর স্বীকৃতি পাওয়ার পর উক্ত নির্দিষ্ট খেলা পরবর্তী ৪ বছর, প্রতি বছর কমপক্ষে ১৫টি জেলা ও নির্দিষ্ট সংখ্যক ক্লাবের অংশগ্রহণে (প্রযোজ্য ক্ষেত্রে) জাতীয় চ্যাম্পিয়নশীপ এবং অন্ততঃ একটি বয়স ভিত্তিক (অনুর্ধ্ব ১২-১৮) প্রতিযোগিতার আয়োজন করতে হবে।

(ঘ) জাতীয় ক্রীড়া এসোসিয়শন এর কার্যনির্বাহী পরিষদ ১৩ সদস্য বিশিষ্ট হবে এবং এর কাউন্সিলর সংখ্যা হবে সর্বনিম্ন ৩৯ জন।

(ঙ) এ্যাসোসিয়েশন ক্যাটাগরীর জাতীয় ক্রীড়া এ্যাসোসিয়েশনকে প্রতি বছর সরকারী বাজেট বরাদ্দের উপর ভিত্তি করে জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক নির্ধারিত বাৎসরিক অনুদান প্রদান করা হবে। তবে শুধুমাত্র স্বীকৃতি লাভের কারণে জাতীয় ক্রীড়া পরিষদ/সরকারের নিকট আর্থিক অনুদানের আবেদন করা যাবে না। স্বীকৃতি লাভের ৪ বছরান্তে উক্ত জাতীয় ক্রীড়া এ্যাসোসিয়েশন-এর কার্যক্রম মূল্যায়ন সাপেক্ষে মূল্যায়নের ফলাফলের উপর ভিত্তি করে "সি" ক্যাটাগরীর জাতীয় ক্রীড়া ফেডারেশন হিসাবে স্বীকৃতি দেয়া হবে।

৩। "সি" ক্যাটাগরীর জাতীয় ক্রীড়া ফেডারেশনের স্বীকৃতি লাভের শর্তাবলী ঃ

(ক) কমপক্ষে ২০টি জেলা ও নির্দিষ্ট সংখ্যক ক্লাবের অংশগ্রহণে (প্রযোজ্য ক্ষেত্রে) প্রতি বছর জাতীয় চ্যাম্পিয়নশীপ এবং অন্ততঃ একটি বয়সভিত্তিক (অনুর্ধ্ব ১২-১৮) প্রতিযোগিতা আয়োজনে সক্ষম জাতীয় ক্রীড়া ফেডারেশনকে "সি" ক্যাটাগরীর জাতীয় ক্রীড়া ফেডারেশন হিসাবে স্বীকৃতি দেয়া হবে।

(খ) "সি" ক্যাটাগরীর জাতীয় ক্রীড়া ফেডারেশন এর কার্যনির্বাহী পরিষদ ১৫ সদস্য বিশিষ্ট হবে এবং এর কাউন্সিলর সংখ্যা হবে সর্বনিম্ন ৪৫ জন।

(গ) "সি" ক্যাটাগরীর জাতীয় ক্রীড়া ফেডারেশনকে প্রতি বছর সরকারী বাজেট বরাদ্দের উপর ভিত্তি করে জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক নির্ধারিত বাৎসরিক অনুদান প্রদান করা হবে। তবে শুধুমাত্র স্বীকৃতি লাভের কারণে জাতীয় ক্রীড়া পরিষদ/সরকারের নিকট আর্থিক অনুদানের আবেদন করা যাবে না।

৪। "বি" ক্যাটাগরীর জাতীয় ক্রীড়া ফেডারেশনের শর্তাবলী ঃ

(ক) কমপক্ষে ২৫টি জেলা ও নির্দিষ্ট সংখ্যক ক্লাবের অংশগ্রহণে (প্রযোজ্য ক্ষেত্রে) প্রতি বছর জাতীয় চ্যাম্পিয়নশীপ এবং অন্ততঃ একটি বয়স ভিত্তিক (অনুর্ধ্ব ১২-১৮) প্রতিযোগিতা আয়োজনে সক্ষম জাতীয় ক্রীড়া ফেডারেশনকে "বি" ক্যাটাগরীর জাতীয় ক্রীড়া ফেডারেশন হিসাবে স্বীকৃতি দেয়া হবে।

(খ) "বি" ক্যাটাগরীর জাতীয় ক্রীড়া ফেডারেশন এর কার্যনির্বাহী পরিষদ ১৭ সদস্য বিশিষ্ট হবে এবং এর কাউন্সিলর সংখ্যা হবে সর্বনিম্ন ৫১ জন।

(গ) "বি" ক্যাটাগরীর জাতীয় ক্রীড়া ফেডারেশনে উন্নীত হওয়ার ক্ষেত্রে নির্দিষ্ট খেলায় আঞ্চলিক (দক্ষিণ এশিয়, এশিয়)/আন্তর্জাতিক ক্রীড়া সংস্থার স্বীকৃতি থাকা অত্যাবশ্যকীয়।

(ঘ) "বি" ক্যাটাগরীর জাতীয় ক্রীড়া ফেডারেশনকে প্রতি বছর সরকারী বাজেট বরাদ্দের উপর ভিত্তি করে জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক নির্ধারিত বাৎসরিক অনুদান প্রদান করা হবে। তবে শুধুমাত্র স্বীকৃতি লাভের কারণে জাতীয় ক্রীড়া পরিষদ/সরকারের নিকট আর্থিক অনুদানের আবেদন করা যাবে না।

৫। "এ" ক্যাটাগরী জাতীয় ক্রীড়া ফেডারেশনে শর্তাবলী ঃ

(ক) কমপক্ষে ৩৫টি জেলা ও নির্দিষ্ট সংখ্যক ক্লাবের অংশগ্রহণে (প্রযোজ্য ক্ষেত্রে) প্রতি বছর জাতীয় চ্যাম্পিয়নশীপ এবং অন্ততঃ একটি বয়স ভিত্তিক (অনুর্ধ্ব ১২-১৮) প্রতিযোগিতা আয়োজনে সক্ষম জাতীয় ক্রীড়া ফেডারেশনকে "এ" ক্যাটাগরীর জাতীয় ক্রীড়া ফেডারেশন হিসাবে স্বীকৃতি দেয়া হবে।

(খ) "এ" ক্যাটাগরীর জাতীয় ক্রীড়া ফেডারেশন-এর কার্যনির্বাহী পরিষদ ২১ সদস্য বিশিষ্ট হবে এবং এর কাউন্সিলর সংখ্যা হবে সর্বনিম্ন ৬৩ জন।

(গ) "এ" ক্যাটারগীর জাতীয় ক্রীড়া ফেডারেশনকে অবশ্যই নির্দিষ্ট খেলায় আঞ্চলিক (দক্ষিণ এশিয়, এশিয়)/আন্তর্জাতিক ক্রীড়া সংস্থার স্বীকৃতি থাকতে হবে।

(ঘ) "এ" ক্যাটাগরীর জাতীয় ক্রীড়া ফেডারেশনকে প্রতি বছর সরকারী বাজেট বরাদ্দের উপর ভিত্তি করে জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক নির্ধারিত বাৎসরিক অনুদান প্রদান করা হবে। তবে শুধুমাত্র স্বীকৃতি লাভের কারণে জাতীয় ক্রীড়া পরিষদ/সরকারের নিকট আর্থিক অনুদানের আবেদন করা যাবে না।

৬। **"এ" বিশেষ ক্যাটাগরীর জাতীয় ক্রীড়া ফেডারেশনের শর্তাবলী ঃ**

(ক) কমপক্ষে ৪৫ জেলা ও নির্দিষ্ট সংখ্যক ক্লাবের অংশগ্রহণে (প্রযোজ্য ক্ষেত্রে) প্রতি বছর জাতীয় চ্যাম্পিয়নশীপ এবং অন্ততঃ দুটি বয়স ভিত্তিক (অনুর্ধ্ব-১২/১৫, ১৬/১৮) প্রতিযোগিতা আয়োজনে সক্ষম জাতীয় ক্রীড়া ফেডারেশনকে "এ-বিশেষ" ক্যাটাগরীর জাতীয় ক্রীড়া ফেডারেশন হিসাবে স্বীকৃতি দেয়া হবে।

(খ) "এ-বিশেষ" ক্যাটাগরীর জাতীয় ক্রীড়া ফেডারেশন এর কার্যনির্বাহী পরিষদ ২৫ সদস্য বিশিষ্ট হবে এবং এর কাউন্সিলর সংখ্যা হবে সর্বনিম্ন ৭৫ জন।

(গ) "এ-বিশেষ" ক্যাটাগরীর জাতীয় ক্রীড়া ফেডারেশনকে অবশ্যই নির্দিষ্ট খেলায় আঞ্চলিক (দক্ষিণ এশিয়, এশিয়)/আন্তর্জাতিক ক্রীড়া সংস্থার স্বীকৃতি থাকতে হবে।

(ঘ) "এ-বিশেষ" ক্যাটাগরীর জাতীয় ক্রীড়া ফেডারেশনকে প্রতি বছর সরকারী বাজেট বরাদ্দের উপর ভিত্তি করে জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক নির্ধারিত বাৎসরিক অনুদান প্রদান করা হবে। তবে শুধুমাত্র স্বীকৃতি লাভের কারণে জাতীয় ক্রীড়া পরিষদ/সরকারের নিকট আর্থিক অনুদানের আবেদন করা যাবে না।

৭। এই নীতিমালা প্রণীত হওয়ার পূর্বে যে সকল নির্দিষ্ট খেলায় জাতীয় ক্রীড়া ফেডারেশন/এ্যাসোসিয়েশন হিসাবে ইতোমধ্যে স্বীকৃতি দেয়া হয়েছে সে সকল জাতীয় ক্রীড়া ফেডারেশন/এ্যাসোসিয়েশনকে এ নীতিমালা অনুযায়ী তাদের মান উন্নয়ন/মান অবনমন করনের ব্যবস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) নেয়া হবে।

৮। **জাতীয় ক্রীড়া ফেডারেশনের অনুদান ব্যবহারের শর্তাবলী ঃ**

(ক) জাতীয় ক্রীড়া পরিষদ থেকে প্রদত্ত আর্থিক অনুদান প্রচলিত নিয়ম অনুযায়ী ও সরকারের আর্থিক বিধি-বিধান অনুসরণ করে সংশ্লিষ্ট অর্থ বছরের মধ্যে ব্যয় করতে হবে।

(খ) কোন অর্থ বছরের বরাদ্দকৃত অর্থ ব্যয় না হলে তা সমন্বয়ের লক্ষ্যে জাতীয় ক্রীড়া পরিষদে ৩০শে জুনের মধ্যে (অর্থ বছরের মধ্যে) ফেরত প্রদান করতে হবে।

(গ) অব্যয়িত অর্থ যথাসময়ে জাতীয় ক্রীড়া পরিষদে ফেরত প্রদান করা না হলে আর্থিক শৃঙ্খলা ভঙ্গের দায়ে সংশ্লিষ্ট জাতীয় ক্রীড়া ফেডারেশন/এ্যাসোসিয়েশনের বিরুদ্ধে প্রচলিত আইন/বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯। জাতীয় ক্রীড়া পরিষদের কার্যনির্বাহী পরিষদ এবং সাধারণ পরিষদের অনুমোদন সাপেক্ষে যথাযথ কারণ দর্শানো/আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়ে জাতীয় ক্রীড়া পরিষদের স্বীকৃতি পাওয়া যে কোন জাতীয় ক্রীড়া ফেডারেশন/এ্যাসোসিয়েশনের স্বীকৃতি স্থগিত/বাতিল করার এখতিয়ার জাতীয় ক্রীড়া পরিষদ সংরক্ষণ করে। এক্ষেত্রে জাতীয় ক্রীড়া পরিষদ কমপক্ষে ২১ (একুশ) দিনের কারণ দর্শানোর নোটিশ দিয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।

১০। যদি কোন ফেডারেশন/এ্যাসোসিয়েশন সমূহের স্বীকৃতি স্থগিত বা বাতিল করা হয় সেক্ষেত্রে স্থগিত বা বাতিল হওয়া জাতীয় ক্রীড়া ফেডারেশন/এ্যাসোসিয়েশনসমূহ প্রয়োজনীয় শর্তপূরণ সাপেক্ষে পুনরায় স্বীকৃতি লাভের জন্য জাতীয় ক্রীড়া পরিষদের নিকট আবেদন করতে পারবে। সেক্ষেত্রে জাতীয় ক্রীড়া পরিষদ এই নীতিমালার আলোকে ফেডারেশন/এ্যাসোসিয়েশন সমূহের পুনরায় স্বীকৃতি প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবে।

১১। যুগোপযোগী করার প্রয়োজনে জাতীয় ক্রীড়া পরিষদ কার্যনির্বাহী পরিষদের সুপারিশক্রমে এবং সাধারণ পরিষদের অনুমোদন সাপেক্ষে এ নীতিমালার প্রয়োজনীয় পরিবর্তন/পরিবর্ধন/ পরিমার্জন/সংশোধন ও শর্ত সংযোজন করতে পারবে এবং সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

১২। এই নীতিমালা প্রণীত হওয়ার পর অন্য কোন প্রচলিত বিষয়দি যা এ নীতিমালার সাথে অসমাঞ্জস্যপূর্ণ বা সাংঘর্ষিক তা এ নীতিমালা জারি হওয়ার পর আর প্রযোজ্য নয় বলে বিবেচিত হবে। তাছাড়া কোন বিষয় চলমান থাকিলে তা এ নীতিমালা অনুযায়ী নিস্পত্তি হবে।